

২০২১-২০২২ অর্থ বছরের সেবা সহজিকরণ:

ডিজিটাল ইনফরমেশন মনিটর স্থাপন:


ভূমিকা: বর্তমান যুগ তথ্য প্রযুক্তির যুগ। সমসাময়িক তথ্য ও প্রযুক্তির সাথে তাল মিলিয়ে বাংলাদেশ টেলিভিশনের বিদ্যমান সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় তথ্য অধিকার আইন বাস্তবায়ন, বাংলাদেশ টেলিভিশনের বিভিন্ন দরপত্র, বিজ্ঞপ্তি প্রকাশ, সিটিজেনস্ চার্টার প্রদত্ত সেবাসমূহ ও অন্যান্য তথ্যাদি সেবা গ্রহীতার নিকট সহজে পৌঁছে দিতে ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ডিজিটাল মনিটর স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়।

বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা: বাংলাদেশ টেলিভিশনের বিভিন্ন দরপত্র, বিভিন্ন বিজ্ঞপ্তি ও অন্যান্য তথ্যাদি অবহিতকরণের লক্ষ্যে বিটিভির নোটিশ বোর্ড ও প্রণীত সিটিজেনস্ চার্টার বিটিভির ওয়েবসাইটে প্রকাশ এবং স্ব-স্ব শাখার নোটিশ বোর্ডে প্রকাশ করা হতো। এছাড়া, বিটিভি সদর দপ্তর ভবনের শাখা সমূহের প্রকৃত অবস্থান সদর দপ্তর ভবনের কোথাও কোন তথ্যাদি উল্লেখ নেই। ফলে, আগত সেবা গ্রহীতাগণ বিটিভি সদর দপ্তর ভবনের সেবা সম্পর্কে অবগত হতে পরতোনা। ফলে আগত দর্শনার্থী/সেবা গ্রহীতাগণ সদর দপ্তরের প্রকৃত অবস্থান সম্পর্কে প্রায়শই নানা রকম বিভ্রান্তির শিকার হতেন। এ সকল তথ্যাদি জানার জন্য প্রায়শই রিসিপশন/অন্য কারো সাথে একাধিকবার আলাপ করতে হয়।

উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা: বিটিভির সেবা সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সেই সাথে স্ব-স্ব শাখা হতে সেবাসমূহ সম্পর্কে অবগত করা হতো। এতে করে সেবা গ্রহীতা/দর্শনার্থীগণ তথ্য জানতে সময়ক্ষেপণসহ নানা রকম বিড়ম্বনায় পড়তে হয়। এ সকল সমস্যা সমাধানের জন্য বিটিভির নিজস্ব সিটিজেনস্ চার্টার এবং সদর দপ্তর ভবনের সেবা এবং শাখা সংক্রান্ত তথ্যাদিসমূহকে সেবা গ্রহীতার নিকট পৌঁছে দিতে সদর দপ্তর ভবনের প্রবেশ মুখে ডিজিটাল ইনফরমেশন মনিটর স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। একই সাথে চলমান পদ্ধতি বিটিভির ওয়েবসাইট ও স্ব-স্ব শাখা হতে সেবা প্রদান প্রক্রিয়াও চলমান থাকবে।

উদ্ভাবনের পরবর্তী সুবিধা: বাংলাদেশ টেলিভিশনের সেবাসমূহ আধুনিক ও সহজলভ্য করার চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে বিভিন্ন দরপত্র/বিজ্ঞপ্তি প্রকাশ সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাসমূহ এবং বিটিভি সদর দপ্তর ভবনের ফ্লোর ভিত্তিক তথ্যাদি প্রকাশের লক্ষ্যে ডিজিটাল ইনফরমেশন মনিটর স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই সুবিধা চালুর ফলে সেবা গ্রহীতা/দর্শনার্থীগণ বিটিভি কর্তৃক প্রদত্ত সেবাসমূহ এবং সদর দপ্তর ভবনের ফ্লোর ভিত্তিক তথ্যাদি ডিজিটাল ইনফরমেশন মনিটরের মাধ্যমে জানতে পারবেন।

মন্তব্য: তথ্য অধিকার আইন বাস্তবায়ন এবং ইনোভেশন কর্ম পরিকল্পনার অংশ হিসেবে ডিজিটাল ইনফরমেশন মনিটর স্থাপন সেবা প্রদর্শন কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।


মোঃ নাছিমুজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ টেলিভিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার